গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৪ শাখা
www.mor.gov.bd

নম্বর: ৫৪.০০.০০০০.০৩৯.৩১.০০৩.১৮.১৫৭

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৯
২৫ জুলাই ২০২২

অফিস আদেশ

বিশ্বব্যাপী জ্বালানি তেলের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির কারণে বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে সরকার নানামুখি পদক্ষেপ গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় সরকারি/বেসরকারি/আধা-সরকারি/স্বায়ত্ত্বশাসিত সংস্থাসহ সকল সেক্টর হতে ২৫% বিদ্যুৎ সাশ্রয় করার লক্ষ্যে অর্থ বিভাগ হতে নির্দেশনা প্রদান করা হয়েছে। রেলপথ মন্ত্রণালয় কর্তৃক ২৫% বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে নিম্নোক্ত পদক্ষেপ/পরিকল্পনা গ্রহণ করা হয়েছে:

(ক) অফিস সময়ের মধ্যে দাপ্তরিক কার্যক্রম সম্পন্নকরণ;
(খ) অফিস চলাকালীন জনশূন্য অফিস কক্ষে লাইট, ফ্যান, এসি ইত্যাদি বন্ধ রাখা;
(গ) করিডোরে ব্যবহৃত লাইট বন্ধ রাখা;
(ঘ) যে সকল অফিস কক্ষে এসি ও ফ্যান রয়েছে, সেসকল অফিস কক্ষের এসি বন্ধ রেখে ফ্যান চালুকরণ;
(ঙ) অফিস কক্ষে একাধিক লাইট থাকলে ১/২ টি লাইট চালু রেখে অবশিষ্ট লাইট বন্ধ রাখা; এবং
(চ) অফিস থেকে বের হওয়ার সময় কম্পিউটার, লাইট, ফ্যান, এসি, টিভি, মাইক্রোওভেন, ফ্রিজ ইত্যাদি বন্ধ করা হয়েছে কিনা তা নিশ্চিতকরণ।

২। এমতাবস্থায়, রেলপথ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত পদক্ষেপ/পরিকল্পনা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৬-৭-২০২২
মীর আলমগীর হোসেন
উপসচিব
ফোন: ৯৫৭৮১৯৯
ফ্যাক্স: ৭১১৫৫৯৯

নম্বর: ৫৪.০০.০০০০.০৩৯.৩১.০০৩.১৮.১৫৭/১(৬১)

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৯
২৫ জুলাই ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়
২) যুগ্মসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়
৩) উপসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়

৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়

৫) সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়

৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৭) সিনিয়র সহকারী সচিব (সকল);সহকারী সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়

৮) প্রোগ্রামার;সহকারী প্রোগ্রামার (১/২), রেলপথ মন্ত্রণালয়

৯) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয়

১০) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, রেলপথ মন্ত্রণালয়

১১) প্রশাসনিক কর্মকর্তা; ব্যক্তিগত কর্মকর্তা (সকল), রেলপথ মন্ত্রণালয়

২৬-৭-২০২২

মীর আলমগীর হোসেন

উপসচিব